23

দৈনিক ইত্তেফাক

তারিখ 15 AUG 1997
পৃষ্ঠা ৬ কলাম ৪

সেনা কল্যাণ

## উচ্চ মাধ্যমিক ও ডিপ্লোমা পর্যায়ে বৃত্তির দরখাস্ত আহ্বান

সেনা কল্যাণ সংস্থা সশস্ত্র বাহিনীর প্রাক্তন/অবসরপ্রাপ্ত/শহীদ/মৃত সদস্যদের পত্নী ও সন্তানদের নিকট হইতে উচ্চ মাধ্যমিক শ্রেণী, পলিটেকনিক, পি টি আই, হোমিওপ্যাথি,

(৫ম পৃঃ দ্রঃ)

## সেনা কল্যাণ সংস্থার

(৩য় পৃঃ পর)

নার্সিং, মেরিন ডিপ্লোমা ও অন্যান্য কোর্স ইত্যাদিতে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে বৃত্তি প্রদানের জন্য ৪০ শতাংশ ও ইহার উর্ধ্বে নম্বরপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করিয়াছে। সকল পর্যায়ে একই পরিবারে একই সময়ে ২ জনের বেশী আবেদন করিতে পারিবে না। অবসর গ্রহণের পরে জন্মগ্রহণকারী সন্তানদের জন্য ইহা প্রযোজ্য নহে। সকল জেলা সশস্ত্রবাহিনী বোর্ডসমূহ এবং সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়, সেনা কল্যাণ ভবন, ১৯৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা হইতে পেনশন/অবসর প্রাপ্তির সনদপত্র দেখাইয়া নির্ধারিত আবেদনপত্রের ফরম সংগ্রহ করা যাইবে। উচ্চ মাধ্যমিক শ্রেণীতে বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ২য় বর্ষে ও অন্যান্য কোর্স অনুযায়ী পরবর্তী বর্ষের উত্তীর্ণ/নম্বরপত্র স্ব স্ব বিভাগীয় প্রধান/অধ্যক্ষের মাধ্যমে ৩১শে ডিসেম্বর '৯৭ তারিখের মধ্যে সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে দাখিল করিলে তাহাদের বৃত্তি পরবর্তী বর্ষের জন্য নবায়ন করা হইবে। উত্তীর্ন পত্রে/নম্বরপত্রে নিজের নাম, বৃত্তির নম্বর, পিতার নাম ও সংশ্লিষ্ট বাহিনীর নম্বর ও পদবী উল্লেখ করিতে হইবে। ২০শে ডিসেম্বর ৯৭ তারিখের মধ্যে জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে আবেদনপত্র জমা দিতে হইবে। জেলা সশস্ত্র বাহিনী বোর্ড হইতে সম্পূর্ণ অবস্থায় আবেদনপত্র ৩১শে ডিসেম্বর ৯৭ তারিখের মধ্যে সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ের কল্যাণ পরিদপ্তরে প্রেরণ করিতে হইবে।

—আই এসপিআর প্রেঃ বিঃ